102

দৈনিক খবর

তারিখ ...03 OCT..1991
পৃষ্ঠা... ১ ...কলাম ৫...

### খুলনা পলিটেকনিক বন্ধ ঘোষণা

# বুলেটবিদ্ধ ১১ জনসহ ২০ জন ছাত্র আহত

।।স্টাফ রিপোর্টার।।

খুলনা পলিটেকনিক ইন্সটিটিউটে গতকাল বুধবার দু'টি বিরোধী ছাত্র গ্রুপের মধ্যে সংঘর্ষের পর ইন্সটিটিউট অনির্দিষ্টকালের জন্য বন্ধ ঘোষণা করা হয়েছে। আবাসিক ছাত্র-ছাত্রীদের গতকাল সন্ধ্যা ৭টার মধ্যে হল ত্যাগ করতে বলা হয়। ইন্সটিটিউটের অধ্যক্ষের উদ্ধৃতি দিয়ে সূত্র জানিয়েছে, সংঘর্ষে অন্ততঃ ১১ জন বুলেটবিদ্ধ হয়ে আহত হয়েছে। ইন্সটিটিউট চত্বরের শান্তি-শৃংখলা রক্ষা করার জন্যে পুলিশ মোতায়েন করা হয়েছে।

এদিকে খুলনা থেকে শেখ আনসার আলী প্রেরিত খবরে বলা হয়েছেঃ গতকাল সকাল সাড়ে ১০টায় খুলনা পলিটেকনিক ইন্সটিটিউট ক্যাম্পাসে জাতীয়তাবাদী ছাত্রদল সমর্থকদের সশস্ত্র হামলায় ইসলামী ছাত্র শিবিরের ১৫ জন কর্মীসহ ২০ জন আহত হয়েছে। ইন্সটিটিউটটি অনির্দিষ্টকালের জন্যে বন্ধ ঘোষণা করা হয়েছে। এলাকায় চরম উত্তেজনা বিরাজ করছে।

প্রকাশ, জাতীয়তাবাদী ছাত্রদল ও শিবিরের মধ্যে পূর্ব শত্রুতার জের হিসেবে সকালে শিবির কর্মীরা ক্লাশ করার জন্যে গেলে ক্যাম্পাসের মধ্যে ছাত্রদল সমর্থিত একদল সশস্ত্র যুবক তাদের ওপর অতর্কিত হামলা চালায়। হামলাকালে তারা প্রায় একশ' হাতবোমার বিস্ফোরণ ঘটায় এবং রামদা, চাইনিজ কুড়ালসহ বিভিন্ন ধারালো অস্ত্র ব্যবহার করে। এতে শিবির কর্মী গোলাম ফারুক এবং মশিউর গুরুতর আহত হয়। এছাড়া আরো ১৩ জন শিবির কর্মীসহ উক্ত শিক্ষা প্রতিষ্ঠানের বাসচালক, একজন পুলিশ ও অধ্যক্ষ আহত হন। এদের মধ্যে ১১ জনকে হাসপাতালে ভর্তি করা হয়।

জানা গেছে, পুলিশের উপস্থিতিতে এ হামলা চলাকালে শিবির কর্মীরা

শেষ পৃষ্ঠায় ২য় কলামে

## বুলেটবিদ্ধ

প্রথম পৃষ্ঠার পর

বিভিন্ন ক্লাশ ও অধ্যক্ষের রুমে আশ্রয় নেয়। সেখানেও তারা হামলা চালায় এবং এলোপাতাড়ি মারধর করে। এ ব্যাপারে থানায় দু'টি মামলা হয়েছে। তবে এ রিপোর্ট লেখা পর্যন্ত কেউ গ্রেফতার হয়নি।

এ ব্যাপারে ইন্সটিটিউট কর্তৃপক্ষের সাথে আলাপ করলে তারা ঘটনার সত্যতা স্বীকার করেছেন। কর্তৃপক্ষ জানান, ইন্সটিটিউট অনির্দিষ্টকালের জন্যে বন্ধ ঘোষণা করা হয়েছে। বিকেলে শিবির এ ঘটনার প্রতিবাদে বিক্ষোভ মিছিল বের করে এবং সন্ধ্যায় এক সাংবাদিক সম্মেলনে এ ঘটনার নিন্দা করে দোষীদের শাস্তি দাবী করে।